দৈনিক জনকণ্ঠ

তারিখ ...........................
পৃ ... কলাম ...........

FEB. 13 2002

# প্রকাশিত খবরের প্রতিবাদ

দৈনিক জনকণ্ঠে ৯ ফেব্রুয়ারি প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয় কি রাফুফের ভাগ্য বরণ করতে যাচ্ছে? নির্বাচিত ভিসির অপসারণে বহির্বিশ্বে ক্ষোভ' শীর্ষক সংবাদের প্রতিবাদ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কর্তৃপক্ষ সংবাদটি বিভ্রান্তিকর ও তথ্যভিত্তিক নয় বলে উল্লেখ করে। প্রতিবাদলিপিতে বলা হয়, পূর্ববর্তী উপাচার্য অপসারণ হওয়ার সংবাদে বিশ্বের বিখ্যাত কোন বিশ্ববিদ্যালয়ের ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করার বা একে 'একাডেমিক ডিসিপ্লিন-এ হস্তক্ষেপ' হিসাবে অভিহিত করার কোন তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের জানা নেই। সংবাদে উল্লিখিত বিশ্বের কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ বন্ধ করে দেয়ার উদ্যোগ নেয়ার কথাটি আদৌ সত্য নয়। বর্তমান উপাচার্য যোগদানের পর হতে ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের মোট ১৫ শিক্ষক বিভিন্ন বৃত্তি নিয়ে শিক্ষাছুটিতে বিশ্বের বিভিন্ন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য গমন করেছেন এবং আরও অনেকের বিদেশ গমনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন করার যে কোন প্রচেষ্টা থেকে বিরত থাকার জন্য আহ্বান জানান।